

প্রকাশ থাকে যে, বাসুদেবপুর মৌজায় আপনাকে বিক্রীত ১৪০৮ দাগে ৮.৫০০ ডেসিমল সম্পত্তির লাগোয়া পূর্বাংশে উত্তর দক্ষিণে লম্বা ২০ লিঞ্চ চওড়া তৎপরে ১৪১১ দাগে উত্তর দক্ষিণে লম্বা ২০ লিঞ্চ চওড়া হাত নক্সায় প্রদর্শিত হলুদ রং-এ রঞ্জিত যে ইজমাল বারাম পথ সরকারী রাস্তায় সংযুক্ত হইয়াছে যাহার যাতায়াত স্বত্ব আমরা বিক্রেতা যথাক্রমে গত ইংরাজী ২০০৪ সালে সুতাহাটা এ.ডি.এস.আর অফিসে রেজিস্ট্রীকৃত ৬৪২ নং বিক্রয় কোবলা দলিল ও গত ইংরাজী ২০০৩ সালে সুতাহাটা এ.ডি.এস.আর অফিসে রেজিস্ট্রীকৃত ৪২৪৬ নং বিক্রয় কোবলা দলিল দ্বারা সুকদেব দাস দিং গণের নিকট হইতে প্রাপ্ত হইয়া আমরা বিক্রেতা এযাবৎকাল অন্যের বিনা আপত্তিতে নির্বিবাদে যাতায়াত করিতেছি। আমাদের যাতায়াত স্বত্বে স্বত্ববতী হইয়া আপনি ক্রেতা মায় স্থলাভিষিক্ত ওয়ারিশগণ ক্রমে নির্বিবাদে উক্ত ইজমাল বারাম পথে সরকারী রাস্তায় যাতায়াত করিবেন ও করিবেক। উক্ত ইজমাল বারাম পথের উপর দিয়া ইলেকট্রিক ও টেলিফোন লাইন, কেবল টিভি লাইন ও পানীয় জলের পাইপ লাইন লইয়া যাইয়া ইলেকট্রিক, টেলিফোন, কেবল টিভি ও পানীয় জল ব্যবহার ও বারাম রাস্তার পার্শ্ব দিয়া জলনিকাশী চাপা জলড্রেন করিবেন ও করিবেক। উক্ত বারামরাস্তা সকল সময় উন্মুক্ত থাকিবে। উক্ত বারাম রাস্তার উপর দিয়া সাইকেল মোটর সাইকেল, মালপত্র বহন করিবার জন্য ভ্যান চলাচল করিবে। উক্ত বারাম রাস্তাতে উক্তরূপ স্বত্বগুলি ছাড়া অন্য কোনরূপ স্বত্বের উদ্ভব হইবে না। অত্র দলিলের সহিত সংযোজিত হাতনক্সাখানি অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

Munim Bariq

Jaharlar Bariq

স্বাক্ষর



District Sub-Registrar
Purba Medinipur
Tamluk

- 8 AUG 2014